দৈনিক বাংলা

তারিখ ... ২৬/৬/৮৩ ...
পৃষ্ঠা ... ১ কলাম ... ১ ...

015

# মহিলাদের কারিগরি শিক্ষা

মহিলা কারিগরি ইনস্টিটিউট স্থাপনে সৌদী আরব বাংলাদেশকে ১৬ লাখ ৬০ হাজার মার্কিন ডলার সাহায্য দেবে বলে যে খবর বেরিয়েছে তা খুবই আশাব্যঞ্জক। জানা গেছে, ইউনেস্কোর মাধ্যমে এই অর্থ দেয়া হবে এবং এ ব্যাপারে বাংলাদেশ ও ইউনেস্কোর মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

আমাদের জনসংখ্যার অর্ধেকই মহিলা। এই বিপুল জনশক্তিকে কাজে লাগানো ছাড়া অর্থনৈতিক উন্নয়ন এবং জনগণের ভাগ্য পরিবর্তন সম্ভব নয়। মহিলারা যাতে সামাজিক অগ্রগতি ও অর্থনৈতিক উন্নয়নে যথেষ্ট অবদান রাখতে পারে, সেজন্যেই দরকার তাদের যথাসম্ভব শিক্ষিত করে তোলা এবং কারিগরি জ্ঞান ও বৃত্তিমূলক প্রশিক্ষণ দেয়া।

মহিলাদের কারিগরি শিক্ষা ও বৃত্তিমূলক প্রশিক্ষণ দেয়ার সুযোগ-সুবিধা আমাদের দেশে খুবই সীমিত। সৌদী অর্থ সাহায্যে মহিলাদের জন্য আলোচ্য কারিগরি ইনস্টিটিউট স্থাপিত হলে, কারিগরি শিক্ষা লাভের পথই হবে প্রশস্ততর। ১৯৮৪-৮৫ সালে এই ইনস্টিটিউটে শিক্ষাবর্ষ চালু হবে এবং প্রাথমিকভাবে, ইলেকট্রনিক্স ও স্থাপত্য বিভাগে ভর্তি শুরু হবে। যথাসময়ে এই ইনস্টিটিউট স্থাপিত হবে, এটাই কাম্য।